

Goldmedal lighting solutions

Coverage: Sukhi Grihakon

Date : February 2021



রং মিলিয়ে

আলোকসজ্জা

আগে পরিকল্পনা, পরে রং

এখনকার প্রায় সব নামী রং সংস্থারই টোল ফ্রি ফোন নম্বর, এসএমএস এবং ওয়েবসাইট পরিষেবা আছে। সেখানে ফ্ল্যাট-বাড়ি রং করা সংক্রান্ত সব ধরনের পরামর্শ পাওয়া যায়। এতে পরিকল্পনা করতেও সুবিধা হয়। এই পরিষেবায় যোগাযোগ করলে রং সংস্থাই আপনার সঙ্গে প্রথমে সাক্ষাৎকারের সময় চাইবে। এরপর তারা বাড়ি বা ফ্ল্যাট পরিদর্শন করবে। তখন তারা ময়েসচার মিটার, লেজার মিটার প্রভৃতির সাহায্যে দেওয়াল ও সিলিং পরীক্ষা করে দেখবেন কোনও সমস্যা আছে কি না। সেই সঙ্গে পুরো জায়গাটি মেপে দেখবেন কত বর্গফুট কাজ হবে। দেওয়াল, সিলিং, গ্রিল, দরজা সব দেখে কোন অংশে কী কী ধরনের রং করা হবে, ডিজাইনার দেওয়াল, টেক্সচার বা ওয়ালপেপার সেট করবেন কি না— সেই অনুযায়ী সংস্থাটি আপনাকে একটা বাজেট দেবে। বাজেট যদি ঠিকঠাক হয়, তাহলে আপনার সঙ্গে সংস্থার একটি চুক্তি হবে। তারপর রঙের কাজ শুরু হবে।

রং করার সময় পরিচর্যা

আপনি ভাবছেন বাড়ি রং করার সময় কে দেখাশোনা করবে? অনেক টাকার বাজেট, দেখাশোনা না করলে যদি রং ঠিকমতো না হয়? তাহলে তো সব টাকা মাটি! দৃষ্টিভঙ্গি থেকে মুক্তি পেতে রং সংস্থার সঙ্গে সেইমতোই চুক্তি করুন। সেই চুক্তি অনুযায়ী সংস্থাই আপনার বাড়িতে কোনও একজন বিশেষজ্ঞকে পাঠিয়ে দেবে

৩৪ > সুবী গৃহকোণ • ১ ফেব্রুয়ারি ২০২১

কাজকর্ম দেখাশোনা করার জন্য।

পুরনো বাড়িতে শ্যাওলা তোলা

অনেকের দৃষ্টিভঙ্গি থাকে পুরনো বাড়িতে শ্যাওলা তোলা নিয়ে।

বাড়িকে সুন্দর করে সাজিয়ে তোলার অন্যতম দু'টি ধাপ রং ও আলোর ব্যবহার। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করেছেন বার্জার পেণ্টস ইন্ডিয়া লিমিটেডের এমডি এবং সিইও অভিজিৎ রায় এবং

গোল্ডমেডাল-এর লাইট বিভাগের সিনিয়র টিম লিডার স্বপ্নিল টুসকানো।

কথা বলেছেন স্নেহাশিস সাউ।

কারণ, বাড়ির বাইরের দেওয়াল থেকে শ্যাওলা ঠিকমতো তুলতে না পারলে রঙের উজ্জ্বলতা ঠিকমতো পাওয়া যাবে না। সমস্যার সমাধানে রং সংস্থাগুলি একটি বিশেষ ধরনের প্রযুক্তি এনেছে। নাম জেট ওয়াশার। পাইপের সাহায্যে জল দিয়ে যেমন গাড়ি পরিষ্কার করা হয়, ঠিক তেমনি জেটওয়াশার দিয়ে তীব্র গতিতে জল দিয়ে শ্যাওলা তোলা হয়। খুব দ্রুত শ্যাওলা উঠে দেওয়াল হয় পরিষ্কার। আর রং হয় দীর্ঘস্থায়ী।

কয়েক দিনেই বাড়ি রং

এখন আর হাতে ঘষে দেওয়াল পরিষ্কার করে ব্রাশ দিয়ে রং